**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 28-07-2025** **Desk in Charge: SDG**
**Time: 7-35 AM** **Compiling : Sudip B.**
**DEO : KB** **NR : Sudip B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ আকাশবাণীর ‘মন কি বাত’ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ২০৪৭ সালের বিকশিত ভারতের লক্ষ্য- আত্মনির্ভর ভারত গঠন, যার ভিত্তিই হল ‘ভোকাল ফর লোকাল’।

২/ বকেয়া DA মেটানো, যোগ্যদের চাকরীতে পুনর্নিয়োগ সহ একাধিক দাবীতে ‘সংগ্রামী যৌথ মঞ্চ’ সহ একাধিক সংগঠন আজ ‘নবান্ন চলো’ কর্মসূচীর ডাক দিয়েছে।

৩/ ভারতের নির্বাচন কমিশনের তরফ থেকে নির্দেশের পর রাজ্য সরকার, মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে থাকা গুরুত্বপূর্ণ শূণ্যপদগুলি পূরণে উদ্যোগী হয়েছে।

৪/ বিজেপি শাসিত রাজ্যগুলিতে, বাংলাভাষী মানুষদের হেনস্থার অভিযোগ তুলে এর প্রতিবাদে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ প্রতিবাদ আন্দোলনের সূচনা করছেন।

# বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, মুখ্যমন্ত্রীর এই আন্দোলনকে তীব্র কটাক্ষ করেছেন।

৫/ রাজ্যে OBC মামলার সুপ্রিম কোর্টে আজ শুনানি।

***************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ২০৪৭ সালের বিকশিত ভারতের লক্ষ্য, আত্মনির্ভর ভারত গঠন। এর ভিত্তিই হল ‘ভোকাল ফর লোকাল’। আকাশবাণীতে গতকাল ‘মন কি বাতে’র ১২৪-তম পর্বে তিনি বলেন, যা যা ভারতে তৈরি হয়েছে, তার সঙ্গে ভারতীয়দের অনেক পরিশ্রম যুক্ত রয়েছে। দেশবাসীকে সেইসব সামগ্রী কেনার ফের আর্জি জানিয়েছেন প্রধানমন্ত্রী।

( বাইট- MKB ভোকাল ফর লোকাল )

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগস্ট মাসকে ‘বিপ্লবের মাস’ বলে অভিহিত করেছেন। দেশের স্বাধীনতার জন্য বহু বীর যোদ্ধা নিজেদের আত্মবলীদান দিয়েছেন। ১৫’ই আগস্ট আমাদের স্বাধীনতা সংগ্রামীদের কথা স্মরণ করিয়ে দেয় বলে উল্লেখ করেন তিনি। এপ্রসঙ্গে ক্ষুদিরাম বসুর আত্ম বলীদানের কথা তুলে ধরে শ্রী মোদী বলেন, ১৯০৮ সালে ক্ষুদিরামকে ফাঁসিকাঠে ঝোলানো হলেও, তাঁর মুখে ছিল পূর্ণ আত্মবিশ্বাস।

( বাইট- MKB ক্ষুদিরাম )

শ্রী মোদী বলেন, স্বাধীনতার সঙ্গে দেশভাগের যন্ত্রণাও জড়িয়ে আছে। তাই ১৪’ই আগস্ট দিনটি সরকার ‘বিভাজন বিভীষিকা দিবস’ হিসেবে পালন করে।

**********************

বকেয়া ডিএ মেটানো, যোগ্যদের চাকরিতে পুনর্নিয়োগ সহ নানা দাবিতে সংগ্রামী যৌথ মঞ্চ সহ একাধিক সংগঠন, আজ ‘নবান্ন চলো’ কর্মসূচীর ডাক দিয়েছে। হাওড়া স্টেশনে বেলা ১২ টা নাগাদ জমায়েত হয়ে নবান্নের দিকে তাঁদের এগিয়ে যাওয়ার কথা। এদিকে, এই মিছিলের জন্য পুলিশের তরফ থেকে কোনোরকম অনুমতি দেওয়া হয়নি। এমনকি, আদালত’ও বেশ কিছু বিধিনিষেধ আরোপ করেছে বলে হাওড়ার পুলিশ কমিশনার প্রবীণ কুমার ত্রিপাঠি জানিয়েছেন।

( বাইট- পুলিশ / প্রবীণ ত্রিপাঠি )

গণতান্ত্রিক উপায়ে মিছিলে বাধা দিলে পুলিশ অগণতান্ত্রিক কাজ করবে বলে সংগ্রামী যৌথ মঞ্চের রাজ্য আহ্বায়ক অনিরুদ্ধ ভট্টাচার্য গতকাল সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন।

( বাইট- অনিরুদ্ধ )

এদিকে, রাজ্যের বিভিন্ন জায়গা থেকে কলকাতায় আসা বিক্ষোভকারীদের হাওড়া স্টেশনে যাতে কোনও রকম হেনস্থার মুখে না পড়তে হয় সেই বিষয় নিশ্চিত করতে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল হাওড়া স্টেশনে যান। তিনি রেল আধিকারিক, RPF এবং সংগ্রামী যৌথ মঞ্চের সদস্যদের সঙ্গে বৈঠক করেন।

বৈঠক শেষে বিরোধী দলনেতা জানিয়ে দেন যে, সংগ্রামী যৌথ মঞ্চের বিক্ষোভকারীদের যদি রাজ্য বা কলকাতা পুলিশ কোনও ভাবে হেনস্থা করে, তাহলে এক ঘণ্টার মধ্যে এসে তাঁরা প্রতিবাদে যোগ দেবেন।

**********************

ভারতের নির্বাচন কমিশনের তরফ থেকে নির্দেশের পর রাজ্য সরকার মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে থাকা গুরুত্বপূর্ণ শূণ্য পদগুলি পূরণে উদ্যোগী হয়েছে। এই সপ্তাহের গোড়াতে নির্বাচন কমিশন, রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থকে লেখা এক চিঠিতে, মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের কাজকর্ম এবং প্রশাসনিক-উভয় ক্ষেত্রের'ই 'স্বতন্ত্রতা' নিশ্চিত করার জন্য বলেন। ওই একই চিঠিতে নির্বাচনী আধিকারিকের গুরুত্বপূর্ণ চারটি শূণ্যপদ পূরণের জন্য'ও সুপারিশ করা হয়। এর প্রেক্ষিতেই রাজ্য সরকার কয়েকজন আমলার নাম নির্বাচন কমিশনে পাঠিয়েছে বলে সূত্রকে উদ্ধৃত করে সংবাদ সংস্থা IANS জানিয়েছে।

**********************

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর কাজ এরাজ্যে হলেও, প্রকৃত ভোটারদের নাম কখনোই তালিকা থেকে বাদ পড়বে না বলে, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, বিজেপি নেতা সুকান্ত মজুমদার জানিয়েছেন। গতকাল কলকাতায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি জানান, রাজ্যের মুখ্যমন্ত্রী তোষণ রাজনীতি করতে গিয়ে দেশের সুরক্ষার সঙ্গে ছেলেখেলা করছেন বলে হরিয়ানার মুখ্যমন্ত্রী যে বিবৃতি দিয়েছেন তা একদম সঠিক। শ্রী মজুমদার বলেন, কোন রোহিঙ্গা ও অনুপ্রবেশকারী দেশের নির্বাচনী তালিকায় থাকবে না। এর জন্য যা পদক্ষেপ নেওয়া প্রয়োজন নির্বাচন কমিশনের তা নেওয়া উচিত। রাজ্য সরকার ইচ্ছে

করেই বিভিন্ন রাজ্যকে পরিযায়ীদের সম্পর্কে তথ্য দিচ্ছে না বলেও অভিযোগ করেন তিনি।

( বাইট- সুকান্ত )

**********************

বিজেপি শাসিত রাজ্যগুলিতে, বাংলাভাষী মানুষদের হেনস্থার অভিযোগ তুলে এর প্রতিবাদে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ প্রতিবাদ আন্দোলনের সূচনা করছেন। পূর্ব ঘোষিত কর্মসূচি মত বিকেলে বোলপুর টুরিস্টলজ মোড় থেকে তৃণমূল কংগ্রেসের মিছিলে নেতৃত্ব দেবেন তিনি। শান্তিনিকেতন রোড ধরে এই মিছিল যাবে চৌরাস্তা, শ্রীনিকেতন রাস্তা ঘুরে জামবনি তিনমাথা মোড় পর্যন্ত। সেখানেই এক রাজনৈতিক সভায় মুখ্যমন্ত্রীর ভাষণ দেওয়ার কথা। এর আগে সকালে গীতাঞ্জলি প্রেক্ষাগৃহে প্রশাসনিক পর্যালোচনা বৈঠক করবেন। রাঙাবিতানের সরকারি গেস্ট হাউসে রাত্রিবাসের পর আগামীকাল সকালে ইলামবাজারে কয়েকটি সরকারি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন মুখ্যমন্ত্রী। তারপর সেখান থেকেই ফিরবেন কলকাতায়।

**********************

বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, মুখ্যমন্ত্রীর এই আন্দোলনকে তীব্র কটাক্ষ করেছেন। সাংবাদিকদের কাছে তিনি বলেন, নির্বাচন কমিশন যাতে পশ্চিমবঙ্গে অবৈধ ভোটারদের চিহ্নিত করতে SIR না করতে পারে, সেইজন্যই তৃণমূলের এই আন্দোলন। এর মাধ্যমে মমতা ব্যানার্জী আসলে রোহিঙ্গা এবং বাংলাদেশী মুসলমান অনুপ্রবেশকারীদের ভোটব্যাঙ্ক হিসেবে কাজে লাগাতে চাইছেন।

( বাইট- শুভেন্দু )

**********************

রাজ্যের OBC মামলার আজ সুপ্রিম কোর্টে শুনানি রয়েছে।

রাজ্য সরকার ‘অনান্য অনগ্রসর শ্রেণি’র তালিকা সংশোধনে নতুন উদ্যোগ নিলেও কলকাতা হাইকোর্ট তার উপর স্থগিতাদেশ দিয়েছে। সেই নির্দেশকে চ্যালেঞ্জ করেই

সুপ্রিম কোর্টে আবেদন করেছে রাজ্য সরকার। প্রধান বিচারপতি বি আর গাভাইয়ের বেঞ্চে আজ এই শুনানি হওয়ার কথা। মামলার নিষ্পত্তি না হওয়াতেই রাজ্যে বিভিন্ন সরকারি নিয়োগে সমস্যা হচ্ছে বলে, রাজ্য সরকারের বক্তব্য।

**********************

রাজ্যের বিভিন্ন বিশ্ব বিদ্যালয়ে উপাচার্য নিয়োগ সংক্রান্ত মামলার আজ সুপ্রিম কোর্টে শুনানি রয়েছে। রাজ্যের অভিযোগ, রাজ্যপাল একাধিক ক্ষেত্রে সুপারিশ করা তালিকার প্রথম নামকে উপেক্ষা করে, দ্বিতীয় বা তৃতীয় প্রার্থীকে উপাচার্য হিসেবে বেছে নিয়েছেন। এই প্রক্রিয়া নিয়েই তৈরী হয়েছে বিতর্ক এবং আইনি সংঘাত।

**********************

পশ্চিম মেদিনীপুরের দাসপুর দু-নম্বর ব্লকের চক সুলতান সমবায় সমিতির নির্বাচনে, জয়লাভ করেছে, তৃণমূল কংগ্রেস বিরোধী ‘সমবায় বাঁচাও’ মঞ্চের প্রার্থীরা।

মোট ৪১ টি আসনের মধ্যে সবক’টিতেই জয়ী হয়েছে তারা। অন্যদিকে, ৩৪ টি আসনে প্রার্থী দিয়েও ক্ষমতাসীন দল কোনো আসনে জয় পায়নি।

আদালতের নির্দেশে কড়া নিরাপত্তার মধ্যে দিয়ে গতকাল নির্বাচন অনুষ্ঠিত হয়।

**********************

পুলিশী জুলুম এবং নানাভাবে হয়রানির অভিযোগ তুলে ‘জয়েন্ট কমিটি অফ বাস অপাররেটর অ্যাসোসিয়েশন’, আজ থেকে টানা তিনদিন ডায়মন্ড হারবার ও কাকদ্বীপ মহকুমার সমস্ত বাস পরিষেবা বন্ধ রাখার ডাক দিয়েছে। ফলে আজ সকাল থেকে জেলার বড় অংশে রাস্তায় নামেনি কোনো বাস, মিনিবাস। রাস্তায় বেরিয়ে সপ্তাহের প্রথম কাজের দিনেই সমস্যার মুখে পড়েছেন সাধারণ মানুষ। গন্তব্যে পৌঁছতে ছোট গাড়ির ওপর ভরসা করতে হচ্ছে তাদের।

এদিকে, বাস মালিকদের দাবী মেনে আজ আলিপুরে আঞ্চলিক পরিবহণ দপ্তরে এক বৈঠক ডাকা হয়েছে।

**********************

মৌসুমী অক্ষরেখা, সক্রিয় মৌসুমী বায়ুর উপস্থিতি এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকার কারণে দক্ষিণবঙ্গের কিছু কিছু জেলায় আজ থেকে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে। আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য গতকাল একথা জানিয়েছেন-

( বাইট- অন্বেষা ভট্টাচার্য )

**********************

প্রাকৃতিক দুর্যোগের মধ্যে প্রশাসনের নির্দেশকে উপেক্ষা করে গতকাল সমুদ্রে স্নান করতে নেমে, দক্ষিণ ২৪ পরগণার বকখালি পর্যটন কেন্দ্রে এক পর্যটক সমুদ্রে তলিয়ে গেছেন। নিত্যানন্দ পাল নামে ওই ব্যক্তি উত্তর ২৪ পরগণার হাবড়ার বাসিন্দা। গতকাল দুপুরে বন্ধুদের সঙ্গে সমুদ্রে স্নান করতে নামেন তিনি।

*****************************************************************